# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৭ ৭

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ কমল দীর্ঘদিন যাবৎ চট্টগ্রামে পাইকারি ব্যবসায় করছেন। সাপ্তাহিক ছুটিতে গ্রামের বাড়িতে গিয়ে তাঁর পাঁচজন বন্ধু নিয়ে একজন দরিদ্র কৃষককে তাদের মূলধন দিয়ে একটি মুদি দোকান স্থাপন করে দেন। এতে কৃষকের আর্থিক সচ্ছলতা বৃদ্ধি পায়। কিছুদিন পর কৃষক কমল ও তাঁর বন্ধুদের মূলধন ফেরত দেন।

ক. সীমাবদ্ধ অংশীদারি ব্যবসায় কী? ১

খ. নাবালক কী অংশীদার হতে পারে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কমল গ্রামে যে কাজটি করেছে তা কী ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. কমল ও তাঁর পাঁচজন বন্ধুর এ ধরনের কার্যক্রম অর্থনৈতিক উন্নয়নে কী ভূমিকা রাখতে পারে? তোমার মতামত দাও। ৪

২. ▶ দেশ বাংলা বাংলাদেশের একটি অতি পরিচিত শিল্প প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ত্রিমাত্রিক ভূ-কম্পন জরিপ চালিয়ে কিশোরগঞ্জে একটি গ্যাসক্ষেত্র আবিষ্কার করলো। ভূগর্ভ থেকে গ্যাস আহরণ করে প্রতিষ্ঠানটি আরশী গ্যাস কোম্পানিকে সরবরাহ করে। আরশী গ্যাস কোম্পানি সংগৃহীত গ্যাস পাইপলাইনের মাধ্যমে শিল্প ও গৃহস্থালী কাজে সরবরাহ করে।

ক. পরিবেশ নিয়মাবলি কী? ১

খ. সামাজিক ব্যবসায় কাকে বলে? ২

গ. দেশ বাংলাকে কোন ধরনের শিল্প বলা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. আরশী কোম্পানির কার্যক্রম ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? যুক্তিসহ মতামত দাও। ৪

৩. ▶ চট্টগ্রামের ব্যবসায়ী সালামত উল্লাহ পর্যটন খাতে বিনিয়োগের উদ্দেশ্যে আনোয়ার পারকি সমুদ্র সৈকতকে বেছে নেন। কারণ সেখানে বর্তমানে যোগাযোগ ব্যবস্থা, বিদ্যুৎ ও গ্যাস সুবিধাসহ পাশাপাশি অনেক কল-কারখানা গড়ে ওঠেছে। কিন্তু পর্যটকদের পারকি বীচে নিরাপত্তাজনিত সমস্যার কারণে তার ভবিষ্যৎ বিনিয়োগের বিষয়টি তিনি পুনঃবিবেচনা করছেন।

ক. ব্যবসায় সামাজিক দায়বদ্ধতা কী? ১

https://teachingbd24.com

খ. একমালিকানা ব্যবসায়ের উপযুক্ত পাঁচটি ক্ষেত্র লেখো। ২

গ. সালামত উল্লাহকে পরিবেশের কোন প্রধান উপাদান পর্যটন ব্যবসায় উদ্যোগ নিতে সাহায্য করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পারকি বীচে কী কী ধরনের নেতিবাচক দিক ব্যবসায় পরিবেশকে বাধাগ্রস্ত করতে পারে বলে তুমি মনে করো। ৪

৪. ▶ জনাব রহমান ও তার ১০ জন বন্ধু দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা ও পর্যাপ্ত শ্রম সুবিধার প্রেক্ষিতে চট্টগ্রাম শহরের আগ্রাবাদে ১১ লক্ষ টাকা ব্যয়ে ১টি জুতার ফ্যাক্টরি দিয়ে ১ম বছর শেষে কোনো মুনাফা করতে না পারলেও পরবর্তী বছর বেশ মুনাফা অর্জন করেন। পরে উক্ত জুতার কারখানাটিকে 'স্টার সুজ কোম্পানি' নাম দিয়ে নিবন্ধন করিয়ে নেয় এবং বাজারে শেয়ার বিক্রয় করেন। তখন তারা একটি উৎপাদন ইউনিট খুলে বিদেশে পণ্য রপ্তানি করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. প্রযুক্তিগত পরিবেশ কী? ১

খ. ই-কমার্স কী? ২

গ. স্টার সুজ কোম্পানি কোন ধরনের ব্যবসায় সংগঠন ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত কোম্পানির বিদেশে পণ্য রপ্তানির সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৫. ▶ জনাব রবিন একজন পেঁয়াজ আমদানিকারক। গত রমজানের এক মাস পূর্বে ৫০ হাজার মেট্রিক টন পেঁয়াজ আমদানি করলেও যথাসময়ে বাজারে তা সরবরাহ করেননি। ফলে রমজানে বাজারে এর মূল্য বেড়ে যায় এবং জনাব রবিন প্রচুর মুনাফা অর্জন করেন।

ক. SAPTA কী? ১

খ. কোম্পানির কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত রবিন সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালনে অবজ্ঞা করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. নৈতিকতার মানদণ্ডে জনাব রবিনের কর্মকাণ্ড মূল্যায়ন করো। ৪

৬. ▶ রামচর বরিশাল জেলার একটি দরিদ্রপীড়িত গ্রাম। এ গ্রামের অধিকাংশ কৃষক বর্গাচাষি। নিজেদের উৎপাদিত পণ্য স্থানীয় পাইকারদের কাছে বিক্রি করতে হয় বলে তারা এসবের ন্যায্যমূল্য পায় না। এ দুরবস্থা থেকে মুক্তির জন্য তারা সম্মিলিতভাবে একটি সমবায় সমিতি গঠনের উদ্যোগ নিল। কিন্তু গঠন প্রণালি ও নিবন্ধন এ বিষয়গুলো সম্পর্কে কোনো ধারণা না থাকায় তারা স্থানীয় সমবায় কর্মকর্তার শরণাপন্ন হলেন।

Teachingbd24.com

ক. নিষ্কাশন শিল্প কী? ১

খ. বিজ্ঞাপন কোন ধরনের বাধা দূর করে? ২

গ. সমবায় সমিতি গঠনের জন্য রামচর গ্রামের কৃষকদের কী কী পদক্ষেপ গ্রহণ করতে হবে বলে তুমি মনে করো। ৩

ঘ. 'সমবায় সমিতির মুখ্য উদ্দেশ্য মুনাফা বৃদ্ধি নয়; বরং সদস্যদের সেবা দান'— বর্গাচাষিদের গঠিত সমবায়ের আলোকে ব্যাখ্যা করো। ৪

## খ বিভাগ: ব্যবস্থাপনা

৭. ▶ আমিন টেক্সটাইল মিলস প্রথমে ব্যক্তি মালিকানায় প্রতিষ্ঠিত হলেও স্বাধীনতার পর সরকারের এক অধ্যাদেশ বলে জাতীয়করণ করা হয়। প্রথম ২০ বৎসর এ প্রতিষ্ঠানটি ভালো মুনাফা করলেও পরবর্তীতে দিন দিন লোকাসানের পরিমাণ বৃদ্ধি পেতে থাকে। আমিন জুট মিলস কর্তৃপক্ষ বলছে আমলাতান্ত্রিক জটিলতা এবং দুর্নীতি ও স্বজন প্রীতির কারণে প্রতিষ্ঠানের এ দুরাবস্থা।

ক. পেটেন্ট বলতে কী বোঝ? ১

খ. বিবরণপত্র কাকে বলে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ৩

ঘ. উল্লিখিত ধরনের ব্যবসায় সংগঠন দেশের অর্থনৈতিক উন্নয়নে কেমন ভূমিকা রাখে? ৪

৮. ▶ সাখাওয়াত বিবিএ পাস করে শাহবাগের আজিজ সুপার মার্কেটে 'রকমারি টি শার্ট' নামে একটি ব্যবসায় শুরু করেন। তিনি টি শার্ট বাজারজাতকরণের জন্য ফেসবুক ও বিভিন্ন ধরনের ওয়েবসাইটে বিজ্ঞাপন দেন। বিজ্ঞাপন দেখে ক্রেতারা যেকোনো সময় পছন্দ অনুসারে টি শার্ট সংগ্রহ করতে পারে। ফলে দেখা যায়, অন্যান্য ব্যবসায়ীদের চেয়ে সাখাওয়াতের দোকানে ক্রেতাদের সমাগম বেশি ঘটে।

ক. ডেবিট কার্ড কী? ১

খ. মাইক্রো ক্রেডিট বলতে কী বোঝায়? ২

গ. সাখাওয়াত কোন ধরনের বিপণন পদ্ধতি ব্যবহার করে বর্ণনা করো। ৩

ঘ. তুমি কি মনে করো সাখাওয়াত অন্যান্য ব্যবসায়ীদের চেয়ে বেশি সুবিধা ভোগ করে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৯. ▶ জনাব জসিম একটি শিল্প প্রতিষ্ঠানের মালিক। কর্ণফুলী নদীর অদূরে তার শিল্প কারখানাটি অবস্থিত। কখন কী ঘটে যায় এই ভেবে তিনি একটি বিমা কোম্পানির পলিসি গ্রহণ করেন। বিমার শর্তানুযায়ী যদি তার মৃত্যু ঘটে তবে তার পরিবার ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবেন। জনাব জসিম নিজের বিষয়ে সচেতন হলেও কারখানায় তিনি বর্জ্য শোধন যন্ত্রপাতি বসাননি। ফলে অপরিশোধিত বর্জ্য নদীতে ফেলছেন, যা প্রাণীকূল ও পরিবেশের জন্য ক্ষতিকর ও ঝুঁকিপূর্ণ। এটি তিনি বুঝতে চাচ্ছেন না।

ক. যোগ্যতাসূচক শেয়ার কী? ১

খ. সমবায় উপবিধি বলতে কী বোঝায়? ২

গ. জনাব জসিম বিমার কোন বিষয়কে গুরুত্ব দিয়ে বিমা পলিসি গ্রহণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব জসিম প্রাণীকূল ও পরিবেশের যে ক্ষতি করেছেন তার জন্য গৃহীত আইনি ব্যবস্থার সুপারিশ করো। ৪

১০. ▶ শান্তিপুরের কামরানের নেতৃত্বে বিশজন প্রান্তিক চাষি নিজেদের অবস্থার উন্নয়নে একটি সংগঠন গড়ে তোলেন। সংগঠনটির মূল লক্ষ্য হলো চাষিদের আর্থ-সামাজিক কল্যাণ নিশ্চিত করা। তাই চাষিদের কল্যাণার্থে যে সকল বিশেষায়িত সুবিধা দরকার প্রতিষ্ঠানটি সে ধরনের সেবা প্রদানের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

ক. PIN-এর পূর্ণরূপ কী? ১

খ. LAN এর অর্থ সংক্ষেপে ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সমবায় সমিতিটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমবায় সমিতিটির উদ্দেশ্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

১১. ▶ জনি ও রনি মৌখিক সম্মতিতে ৫ বছর মেয়াদি একটি ব্যবসায় গঠন করেন। ব্যবসায়টি বেশ লাভজনক হওয়ায় তারা সেটি চালিয়ে যাচ্ছেন। একজন দেনাদারের নিকট হতে তারা ২৫,০০০ টাকা আদায় করতে পারছেন না বলে বিকল্প পদক্ষেপ গ্রহণের চিন্তা করেছেন।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. পরিকল্পনায় নমনীয়তা বলতে কী বোঝ? ২

গ. জনি ও রনির ব্যবসায়টি কোন প্রকৃতির অংশীদারি ব্যবসায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. ২৫,০০০ টাকা পাওনা আদায়ে জনি ও রনি দেনাদারের বিরুদ্ধে মামলা করতে পারবেন? বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : ২ ৭ ৭

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. সমবায়ের শাব্দিক অর্থ হলো—
ক সম্মিলিত কর্ম প্রচেষ্টা  খ বণিকসভা
গ সমাজ  ঘ রাজ্য সভা

২. কৃত্রিম ব্যক্তিসত্ত্বা, চিরন্তন অস্তিত্ব কোন ব্যবসায়ের বৈশিষ্ট্য?
ক একমালিকানা  খ অংশীদারি
গ কোম্পানি  ঘ সমবায়

৩. সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সর্বোচ্চ সদস্য সংখ্যা কত জন?
ক ৬ জন  খ ১০ জন
গ ১২ জন  ঘ ২০ জন

৪. রাষ্ট্রীয় ব্যবসায়ের বৈশিষ্ট্য হলো—
i. রাষ্ট্রীয় পরিচালনা ও নিয়ন্ত্রণ
ii. কৃত্রিম ব্যক্তিসত্তা
iii. জনকল্যাণমুখী প্রতিষ্ঠান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

৫. রাষ্ট্রপতির অধ্যাদেশ বলে গঠিত কোম্পানি কোনটি?
ক সনদপ্রাপ্ত  খ বিধিবদ্ধ
গ নিবন্ধিত  ঘ অনিবন্ধিত

৬. যৌথ মূলধনী ব্যবসায়ে পরিমেল নিয়মাবলিতে উল্লিখিত বিষয় কী?
ক ব্যবসায়ের উদ্দেশ্য
খ আইন কানুন
গ সংবিধান
ঘ দৈনন্দিন অভ্যন্তরীণ কার্যাবলি

৭. বাংলাদেশের শেয়ারবাজার হলো—
i. DSE
ii. CSE
iii. SSE
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

৮. জনাব সুমন একজন ব্যবসায়ী। তিনি ১০% বিক্রয়বৃদ্ধি করতে চান। পরিকল্পনা প্রণয়নের জন্য প্রথমে তাকে কোনটি অনুসরণ করতে হবে?
ক ভবিষ্যৎ সুযোগ ও প্রতিবন্ধকতা
খ তথ্য সংগ্রহ
গ লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ
ঘ কর্ম ও পরিকল্পনা

৯. বাজেট কোন ধরনের পরিকল্পনা?
ক একার্থক পরিকল্পনা  খ স্থায়ী পরিকল্পনা
গ লক্ষ্য  ঘ সামগ্রিক পরিকল্পনা

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**

হাসান সাহেব একটি ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। তিনি সকল কাজের পূর্বে পরিকল্পনা গ্রহণ করেন। তিনি এমন একটি পরিকল্পনা গ্রহণ করেন যেন এটি বারবার ব্যবহার করা যায়।

১০. হাসান সাহেব কোন ধরনের পরিকল্পনা গ্রহণ করেন?
ক একার্থক  খ স্থায়ী
গ স্বল্পমেয়াদি  ঘ মধ্যমেয়াদি

১১. হাসান সাহেবের পরিকল্পনাটির ফলে—
i. ব্যয় হ্রাস পাবে
ii. কাজ নমনীয় হবে
iii. কর্ম দক্ষতা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

১২. বাংলাদেশের ডাকবিভাগ কত সালের আইন দ্বারা গঠিত?
ক ১৮৮২  খ ১৮৯৮
গ ১৯৭১  ঘ ১৯৭৩

১৩. BTCL এর পূর্ব নাম কী?
ক BCLC  খ BRTC
গ BTTB  ঘ TTBO

১৪. সর্ব প্রথম ম্যাট্রিক্স সংগঠন ব্যবহৃত হয় কত সালে?
ক ১৯৫০  খ ১৯৬০
গ ১৯৭০  ঘ ১৯৮০

Teachingbd24.com

https://teachingbd24.com

১৫. সামরিক ধরনের সংগঠন বলা হয় কোন সংগঠনকে?

ⓚ কার্যভিত্তিক ⓛ ম্যাট্রিক্স

ⓖ সরলরৈখিক ও উপদেষ্টা

ⓘ কমিটি

১৬. কার্যভিত্তিক সংগঠনের উদ্ভাবক কে?

ⓚ এফ. ডব্লিউ টেলর

ⓛ ডব্লিউ এইচ হিউম্যান

ⓖ হেনরি ফেয়ল ⓘ হ্যারল্ড কুঞ্জ

১৭. কমিটি সংগঠনের সুবিধা হলো–

i. জরুরি পরিস্থিতি মোকাবিলা

ii. গণতান্ত্রিক ব্যবস্থাপনা

iii. সহযোগিতা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ ii ও iii

ⓖ i ও iii ⓘ i, ii ও iii

১৮. কোনটি কর্মী সংগ্রহের বাহ্যিক উৎস বহির্ভূত?

ⓚ বৃত্তিমূলক প্রতিষ্ঠান ⓛ কর্ম কমিশন

ⓖ বিজ্ঞাপন ⓘ শ্রমসংঘ

১৯. কর্মী সংগ্রহের প্রথম ধাপ কোনটি?

ⓚ কর্মী নির্বাচন ⓛ কর্মী সংগ্রহ

ⓖ কর্মী নিয়োগ ⓘ প্রশিক্ষণ

২০. পদোন্নতির ভিত্তি কয়টি?

ⓚ ২ ⓛ ৩

ⓖ ৪ ⓘ ৫

২১. 'নির্দেশনা হলো প্রশাসনের প্রাণ, যার কাজ হলো কর্তব্য নির্ধারণ, আদেশ দান ও গতিশীল নেতৃত্ব প্রদান' সংজ্ঞাটি কার?

ⓚ এইচ নিউম্যান ⓛ ই. ডিমক

ⓖ অধ্যাপক হ্যালি ⓘ বিবি ঘোষ

২২. ভবিষ্যত মুখিতা কিসের বৈশিষ্ট্য?

ⓚ সংগঠন ⓛ ব্যবস্থাপনা

ⓖ পরিকল্পনা ⓘ কর্মী সংস্থান

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।

মি. আশিক কোং লি. এর একজন ব্যবস্থাপক। তিনি তার অধীনে কর্মরত কর্মীদের নানা বিষয়ে আদেশ, পরামর্শ, উপদেশ প্রদান করে থাকেন। এতে কর্মীরা খুব স্বাচ্ছন্দ্যের সাথে তাদের দায়িত্ব পালন করতে পারছে।

২৩. উদ্দীপকে আশিক অধস্তনদের পরিচালনা করার জন্য ব্যবস্থাপনার কোন কাজটি করেছেন?

ⓚ পরিকল্পনা ⓛ সংগঠন

ⓖ নির্দেশনা ⓘ প্রেষণা

২৪. ব্যবস্থাপনার উল্লিখিত কাজটি ব্যবস্থাপকের প্রতি অধস্তনদের–

i. অনুগত করবে

ii. অবাধ্য করবে

iii. কাজে আন্তরিক করবে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓛ ii

ⓖ iii ⓘ i ও iii

২৫. ন্যায়পরায়ণতা নেতার কোন গুণের অন্তর্ভুক্ত?

ⓚ ব্যক্তিক ⓛ সামাজিক

ⓖ মানসিক ⓘ পেশাভিত্তিক

২৬. একজন নেতার সাংগঠনিক ক্ষমতা কোনটি?

ⓚ ক্ষমতা প্রদর্শন ⓛ ব্যক্তিগত ক্ষমতা

ⓖ অর্জিত ক্ষমতা ⓘ বিশেষায়িত ক্ষমতা

২৭. সংগঠন কাঠামো হলো–

ⓚ সম্মিলিত ব্যবস্থা ⓛ সম্মিলিত প্রচেষ্টা

ⓖ সমন্বয়ের ব্যবস্থা ⓘ কাঠামোগত প্রচেষ্টা

২৮. BCIC কত সালে প্রতিষ্ঠিত হয়?

ⓚ ১৯৭৬ ⓛ ১৯৮৩

ⓖ ১৯৯৪ ⓘ ২০০০

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

হোসেন একটি বৃহদায়তন কোম্পানির পরিচালক। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত দেনার দায়ে দেউলিয়া ঘোষিত হয়।

২৯. হোসেনের কোম্পানি কোন প্রকৃতির?

ⓚ প্রাইভেট ⓛ পাবলিক

ⓖ সাবসিডিয়ারী ⓘ বিধিবদ্ধ

৩০. হোসেন কোম্পানি থেকে কোন পদ্ধতিতে অপসারিত হবেন?

ⓚ সাধারণ ⓛ বিধিবদ্ধ

ⓖ আদালত কর্তৃক ⓘ সরকার কর্তৃক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

https://teachingbd24.com